

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪১৮

পর্ব-১৫: কসম ও মানৎ (کتاب الأيمان والنذور)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَحْلِفُوا بِآبَائِكُمْ وَلَا بِأُمَّهَاتِكُمْ وَلَا بِأُمَّهَاتِكُمْ وَلَا بِاللَّهِ إِلَّا وَأَنْتُمْ صَادِقُونَ» . رَوَاهُ أَبُو دَاؤُدَ وَالنَّسَائِيُّ

বাংলা

৩৪১৮-[১৩] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিশ্চয় আলাহ তা'আলার নাম ব্যতীত তোমরা তোমাদের বাপ-দাদা, মা এবং প্রতীমার নামে শপথ করো না। যদি তোমরা তাতে সত্যবাদী হয়ে থাক। (আবৃ দাউদ ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৩২৪৮, নাসায়ী ৩৭৬৯, সহীহ আল জামি' ৭২৪৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَلَا بِالْأَتْدَادِ) মূর্তির কসম খেও না। ফাতহুল বারীতে এসেছে, এ কসম খাওয়ার নিষেধাজ্ঞা কি হারাম- এ ব্যাপারে দু'টি মত মালিকীদের নিকট অনুরূপ, ইবনু দাকীকও বলেন। প্রসিদ্ধ হলো, এটা ঘৃণিত আর হাম্বালীদের নিকট মতানৈক্য রয়েছে তবে প্রসিদ্ধ হলো হারাম যা জাহিরীরাও হারাম হওয়ার সিদ্ধান্ত হয়েছে। ইবনুল বার বলেন, আল্লাহ ছাড়া অন্য কারও নামে শপথ করা বৈধ না- এ ব্যাপারে ইজমা হয়েছে। ('আওনুল মা'বৃদ ৬৯ খন্ড, হাঃ ৩২৪৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)



 ${\color{red} {\it O}} {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=68745}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন